

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১২৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে হাদীস হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো ত্রুটিযুক্ত

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ هَذَا الْخَبَرَ مَعْلُولُ

আরবী

1123 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا اللَّهِ مَاكُ قَالَ: سَمِعْتُ أَبَا ثَوْرِ بْنَ عِكْرِمَةَ بْنِ جَابِرِ النَّعْمُ النَّهُ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ سَمُرَةَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ سَبُل عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْإِبلِ أَنَّهُ سُئِلَ عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْإِبلِ فَنَم وَرَخَّص فِيهَا وسُئِل عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْإِبلِ فَنَم وَرَخَّص فِيهَا وسُئِل عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْإِبلِ فَنَهُى عَنْهَا وَسُئِلَ عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْغَنَمِ فَقَالَ: (إِنْ شِئْتَ فَتَوَضَّا وَإِنْ شَئت فلا قَتَوَضَّا وَإِنْ شَئت فلا تَتَوضأ)

الراوي: جَابِر بْن سَمُرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1123 ا خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو ثور بن عكرمة بن جابر بن سمرة: اسْمُهُ جَعْفَرٌ وَكُنْيَةُ أَبِيهِ: أَبُو ثَوْرٍ هُوَ: أَبُو ثَوْرٍ بْنُ عِكْرِمَةَ بْنِ جَابِرِ بْنِ سَمُرَةَ رَوَى عَنْهُ عُثْمَانُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ وَأَشْعَتُ بْنُ أَبِي الشَّعْثَاءِ وَسِمَاكُ بْنُ حَرْبٍ فَمَنْ لَمْ يُحْكِمْ عَنْهَ عَنْاعَةَ الْحَدِيثِ تَوَهَّمُ أَنَّهُمَا رَجُلَانِ مَجْهُولَانِ فَتَفَهَّمُوا رَحِمَكُمُ اللَّهُ كَيْلَا تُغَالِطُوا فِيهِ.

বাংলা

১১২৩. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করা হয়, মেষ রাত্রি যাপন করার জায়গায় সালাত আদায় করা প্রসঙ্গে, অতঃপর তিনি তাতে অনুমতি দেন। অতঃপর তাঁকে জিজ্ঞেস করা হয়, উট রাত্রি যাপন করার জায়গায় সালাত আদায় করা প্রসঙ্গে, অতঃপর তিনি তা নিষেধ করেন। তারপর তাঁকে জিজ্ঞেস করা হয়, মেষের গোশত খেয়ে ওযু করা প্রসঙ্গে, জবাবে



তিনি বলেন, "তুমি যদি চাও, তবে ওয়ু করো, আর যদি তুমি চাও, তাহলে ওয়ু করবে না।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "আবৃ সাওর বিন ইকরামা বিন জাবির বিন সামুরাহর নাম জা'ফার, তার বাবার উপনাম আবৃ সাওর। সুতরাং জা'ফার বিন আবৃ সাওর হলেন আবৃ সাওর বিন ইকরামা বিন জাবির বিন সামুরাহ, তার কাছ থেকে হাদীস বর্ণনা করেছেন উসমান বিন আবুল্লাহ বিন মাওহাব, আশ'আশ বিন আবৃ শা'সা' এবং সিমাক বিন হারব। যে ব্যক্তি হাদীস বিষয়ে মজবুত ইলম অর্জন করেননি, তিনি কোন কোন সময়ে এই বিষয়ে সংশয়ে পড়ে যান যে, হয়তো তারা দুইজন অজ্ঞাত ব্যক্তি। কাজেই তোমরা এটা ভালভাবে বুঝে নাও। আল্লাহ তোমাদের প্রতি রহম করুন। যাতে তোমরা ভ্রান্তিতে নিপ্তিত না হও।"

ফুটনোট

[1] যাওয়ায়েদে মুসনাদ আহমাদ: ৫/১০০; তায়ালিসী: ১/৫৭; তাবারানী: ১৮৬৩; ইবনুল জারুদ: ২৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৭০; সহীহ মুসলিম: ৩৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন